

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.১৯০.২০২০-১০৫৯

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৮

৩১ আগস্ট ২০২১


বিষয়: রিট পিটিশন নং-৫৫৯১/২০২০ এর রুল ও আরজির আলোকে প্রাপ্ত দফাওয়ারী জবাব ও আনুসঙ্গিক কাগজপত্র প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া-এর স্মারক নং-১১৪২(৩), তারিখ-৩১/১২/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার সদর উপজেলার লাহিড়ীপাড়া ইউনিয়ন পরিষদের ০৮নং ওয়ার্ডের সদস্য জনাব মো: আজাদুর রহমান-কে স্থায়ীপদ হতে সাময়িক বরখাস্ত করার নিমিত্ত ৩১/০৮/২০২০ খ্রি. তারিখের ৮৫৫নং স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিলের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ০৫ (পাঁচ) জনকে প্রতিপক্ষ করে রিট পিটিশন-৫৫৯১/২০২০ দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেঃ রুল ইস্যুপূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। উক্ত রিট পিটিশনের আলোকে সরকার পক্ষে মামলা পরিচালনার জন্য এ বিভাগের আইন-১ শাখার গত ০৯/১১/২০২০ তারিখের ৯৪৭ নং স্মারকে বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব মো: আশরাফুল আলম-কে দায়িত্ব প্রদান করা হয় এবং একই তারিখের ৯৪৫ নং স্মারকে উপসচিব (ইপ-১) শাখা হতে দফাওয়ারী জবাব চাওয়া হয়। তদপ্রেক্ষিতে দফাওয়ারী জবাব ও আনুসঙ্গিক কাগজপত্র পাওয়া গেছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৫৫৯১/২০২০ এর রুল ও আরজির আলোকে প্রাপ্ত দফাওয়ারী জবাব ও আনুসঙ্গিক কাগজপত্র পরবর্তী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১



৩১-৮-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

জনাব মোঃ আশরাফুল আলম, বিজ্ঞ প্যানেল আইনজীবী

ইমেইল: lglaw1@lgd.gov.bd


স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.১৯০.২০২০-১০৫৯/১(৪)

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৮

৩১ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) যুগ্মসচিব, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) উপসচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ



৩১-৮-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব